

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার(১৪,১৫,১৬ ও ২০তম তলা)
১০, দিলকুশা সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৭৮৯

তারিখঃ ০৯/০৪/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৭৫ তম কমিশন সভা অদ্য ০৯/০৪/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- সভায় কমিশন, বিনিয়োগকারীদের স্বার্থ ও পুঁজিবাজারের বর্তমান অবস্থা বিবেচনায় এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে Margin Rules, 1999 এর Rules 3(5) এর কার্যকারিতা আগামী ৩০ শে সেপ্টেম্বর ২০১৩ ইং তারিখ পর্যন্ত স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
- নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে Reliance Brokerage Services Limited -কে ২ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে :
 - Margin Rule, 1999 এর Rule 5(1) ভঙ্গ করে একজন একক গ্রাহক (Single Client) -কে average net capital এর ২৫ শতাংশের উপরে ঋণ প্রদান করায়;
 - কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/53 dated 25/06/2010 ভঙ্গ করে কোন একজন একক গ্রাহক বা তাঁর পরিবার বা নির্ভরশীল ব্যক্তিকে নিজ বা যৌথ নামে ১০ কোটি টাকার উপরে ঋণ প্রদান করায়; এবং
 - কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/92 dated 10/01/2011 এবং Directive No. SEC/CMRRCD/2001-43/79 dated 19/12/2011 ভঙ্গ করে অনুমোদিত রেশিওর অতিরিক্ত অর্থাৎ ক্লায়েন্ট মার্জিন/ক্লায়েন্ট আমানতের ২ গুণ এর বেশী ঋণ প্রদান করায়।
- নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে Globe Securities Limited -কে ৩ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে :
 - Margin Rule, 1999 এর Rule 5(1) ভঙ্গ করে একজন একক গ্রাহক (Single Client) -কে average net capital এর ২৫ শতাংশের উপরে ঋণ প্রদান করায়;
 - কমিশনের Order No. SEC/CMRRCD/2001-43/51 dated 22/07/2010 ভঙ্গ করে কোম্পানীর তিনজন পরিচালককে ঋণ প্রদান করায়;
 - কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/92 dated 10/01/2011 এবং Directive No. SEC/CMRRCD/2001-43/79 dated 19/12/2011 ভঙ্গ করে অনুমোদিত রেশিওর অতিরিক্ত অর্থাৎ ক্লায়েন্ট মার্জিন/ক্লায়েন্ট আমানতের ২ গুণ এর বেশী ঋণ প্রদান করায়;
 - কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 ভঙ্গ করে Z ক্যাটাগরির শেয়ারে কোম্পানীর একজন পরিচালককে ঋণ প্রদান করায়; এবং
 - কমিশনের Directive No. SEC/CMRRCD/2002-90/34 dated 29/07/2008 ভঙ্গ করে ব্রাঞ্চ অফিসে পৃথক books এবং records সংরক্ষণ না করায়।
- এছাড়াও কমিশন নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে Island Securities Limited -কে ২ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে :
 - কমিশনের Order No. SEC/CMRRCD/2001-43/51 dated 22/07/2010 ভঙ্গ করে কোম্পানীর তিনজন পরিচালককে ঋণ প্রদান করায়;
 - কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 ভঙ্গ করে Z ক্যাটাগরির শেয়ারে তিনজন বিনিয়োগকারীকে ঋণ প্রদান করায়; এবং
 - Securities and Exchange Rules, 1987 এর Section 8(1)(cc)(i) ভঙ্গ করে একজন গ্রাহকের নিকট থেকে চেকে অর্থ না নিয়ে ৫ লক্ষ টাকার উপরে নগদ অর্থ গ্রহণ করে সিকিউরিটিজ আইন ভঙ্গ করায়।


০৯/০৪/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র